

মেড ইন বাংলাদেশ (Made in Bangladesh)

ফি বছরে বানে ভাসি
নেইযে পেটে ভাত
দুঃখ দিয়ে জীবন গড়া
দুঃখেই দিনানিপাত।

লাল, নীল আর হলদে সবুজ
স্বপ্ন ছিল যে মিশে
সুখের দিন যে আসবে ফিরে
আনবে ধানের শীষে।

নুন আনতে পাত্তা ফুরোয়
দু'বেলা জোটেনা ভাত
সুখ আনেনি ধানের শীষে
দুঃখেই দিনানিপাত।

তারও আগে স্বপ্ন ছিল
আশার নৌকা ঘিরে
জয় বাংলার জয়গান ছিল
মনের আঙ্গিনা জুড়ে।

নুন আনতে পাত্তা ফুরোয়
দু'বেলা জোটেনি ভাত
সুখ আনেনি আশার তরী
দুঃখেই দিনানিপাত।

ফ্লাড যে মিটেনা, যাতনা মুছেনা
কাটেনা মনের বিষ
অপবাদ আর অভিশাপে ভরা
নৌকা, ধানের শীষ।

ঝেটিয়ে সেসব বিদায় করায়
সরে গিয়ে মেঘ কালো
দুঃখী বাংলার ঈশাণ কোনে
জেগেছিল আশার আলো।

কিন্তু এ কি মেঘ গুচ গুচ
আজি ঈশাণ কোনে ভাসে?
গণতন্ত্রের সূর্য তো নয়
খাঁকি পোষাক যে হাসে!

ব্যক্তিত্ব, পরিবারত্ব,.....
নেই তন্ত্রের শেষ
খাঁকি পোষাকের গণতন্ত্র
মেড ইন বাংলাদেশ।।

আব্দুর রহমান আবিদ

২৭ শে আগস্ট, ২০০৭